উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০২.২০১৭-৪১৬(৪০)   তারিখ-১১/০৩/২০২৫ খ্রিঃ।

# নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী-১৭/০৩/২০২৫ খ্রিঃ তারিখ রোজ সোমবার সকাল ১১.৩০ টায় উপজেলা পরিষদের মার্চ/২০২৫ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভা নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা পরিষদ মিলনায়তন সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়িত অর্থের অনুমোদন সংক্রান্ত।
৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচী বিষয়ক আলোচনা।
৪। উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত বিভিন্ন বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে।
৫। বিবিধ আলোচনা।

১১/৩/২৫

(মোঃ মারুফ হাসান)
উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
☏-০২৫৮৮৮৭৮৫৫৫

প্রাপকঃ ..............................................

..............................................
বোচাগঞ্জ, দিনাজপুর।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-

১। জেলা প্রশাসক, দিনাজপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৩। অফিস কপি।

CamScanner

উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় বোচাগঞ্জ, দিনাজপুর এর জুন/২০২৫ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত জনপ্রতিনিধিগণের স্বাক্ষর

| পৃষ্ঠা নং | ১১.৩০৫৮ | | |
|---|---|---|---|
| তারিখ | ১৭ | ০৬ | ২০২৫ |

| ক্র: নং | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | প্রশাসক, বোচাগঞ্জ পৌরসভা ও বোচাগঞ্জ, দিনাজপুর | | |
| ০২ | জনাব মোঃ শাহনেওয়াজ পারভেজ, চেয়ারম্যান ১নং নাফানগর ইউপি, বোচাগঞ্জ | | [signature] |
| ০৩ | জনাব উৎপল রায় বুলু, চেয়ারম্যান, ২নং ঈশানিয়া ইউপি বোচাগঞ্জ | | [signature] |
| ০৪ | জনাব মোঃ ওবাইদুল্লাহ বাবলু, চেয়ারম্যান ৩নং মুশিদহাট ইউপি বোচাগঞ্জ | 01721010080 | [signature] |
| ০৫ | জনাব মোঃ নুরুন নবী চৌধুরী, চেয়ারম্যান ৪নং আটগাঁও ইউপি বোচাগঞ্জ | | |
| ০৬ | জনাব মোঃ হাবিবুর রহমান হবু, চেয়ারম্যান, ৫নং ছাতইল ইউপি বোচাগঞ্জ | | [signature] |
| ০৭ | জনাব নিমাই চন্দ্র দেবনাথ, চেয়ারম্যান ৬নং রনগাঁও ইউপি বোচাগঞ্জ | | [signature] |

উপজেলা পরিষদ [illegible], দিনাজপুর এর জুন/২০২৫ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যের স্বাক্ষর।

২০

পৃষ্ঠা নং ১১.৬০

তারিখ ১৭/০৬/২০২৫

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ মাহমুদ হাসান<br>উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর। | | |
| ২ | ডাঃ বিপ্লব কুমার রায়<br>উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা। | 017012487 07 | |
| ০৩ | মো. হুমায়ুন কবির<br>উপজেলা প্রকৌশলী | 01918-151108 | |
| ০৪ | প্রনব কুমার [illegible]<br>উপজেলা মৎস্য কর্মকর্তা | 01722609876 | |
| ০৫ | নয়ন কুমার সাহা, UAO বোচাগঞ্জ | [illegible] | |
| ০৬ | মোঃ আহসান হাবিব, USEO, বোচাগঞ্জ | 0171236[illegible] | |
| ০৭ | মো: কামরুল আবেদীন, উপজেলা সমবায় কর্মকর্তা | 01718543855 | |
| ০৮ | এস.এম. জসীম উদ্দিন, UDF | [illegible] | |
| ০৯ | ডা. [illegible], VS, বোচাগঞ্জ | 01774417231 | |
| ১০ | নিরঞ্জন চন্দ্র রায়, Fr, বোচাগঞ্জ | 01716535993 | |
| ১১ | মামুন হাসান চৌধুরী<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার | 01712584736 | |
| ১২ | ওয়াহিদা [illegible]<br>সহকারী প্রকৌশলী ([illegible]) | 02924-220296 | |

| | | | |
|---|---|---|---|
| পৃষ্ঠা নং | | | |
| তারিখ | | | |

| | | | |
|---|---|---|---|
| ২৬ | জুলেখা খাতুন<br>উপজেলা [illegible] | | [signature] |
| ২৭ | মো: আমিনুল ইসলাম<br>উপ-সহ-প্রকৌ। জনস্বাস্থ্য [illegible] | | [signature] |
| ২৮ | মো: জাহিদুল ইসলাম | | [signature] |
| ২৯ | মো: আব্দুল জব্বার | | [signature] |
| ৩০ | মোছা: ইয়াসমিন আক্তার আনসার [illegible] | [illegible] | [signature] |

## উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এর মার্চ/২০২৫ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ মারুফ হাসান
উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ঃ ১৭/০৩/২০২৫ খ্রিঃ।
সময় ঃ সকাল-১১.৩০ টা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট-ক

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা 'খ' তে দেখানো হলো।

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর সভা পরিচালনা করেন।

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ<br>গত-১৩/০২/২০২৫ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় ১৭/০৩/২০২৫ খ্রিঃ তারিখের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। | গত-১৩/০২/২০২৫ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় ১৭/০৩/২০২৫ খ্রিঃ তারিখের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০২. | সভায় উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর উপজেলার সকল দপ্তর প্রধানদের তাদের নিজ নিজ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এবং তাদের সেবাসমূহ প্রচারের মাধ্যমে জনসাধারণকে জানানোর পাশাপাশি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করার জন্য অনুরোধ করা হয়। | সকল দপ্তর প্রধানকে তাদের সেবাসমূহ ব্যাপক প্রচারের ব্যবস্থা করাসহ উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সকল দপ্তর প্রধানগণ। |

উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত দপ্তরসমূহের কার্যক্রম প্রসঙ্গে ঃ

| | | | |
|---|---|---|---|
| ০৩. | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়িত অর্থের অনুমোদন সংক্রান্তঃ ১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় ফেব্রুয়ারি/২০২৫ খ্রিঃ মাসের অফিস আপ্যায়ন বাবদ ব্যয়=৩৮,০০০/-টাকা। ০২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় ফেব্রুয়ারি/২০২৫ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক বাবদ ব্যয়=৫,০০০/- টাকা। ০৩। উপজেলা পরিষদ কার্যালয়ের মালী এর ফেব্রুয়ারি/২০২৫ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে ব্যয় (২৮দিন×৫৫০)=১৫,৩০০/-টাকা। ০৪। উপজেলা পরিষদ কার্যালয়ের সুইপার/পরিচ্ছন্নকর্মী এর ফেব্রুয়ারি/২০২৫ খ্রিঃ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে বিল (২৮দিন×৫৫০)=১৫,৪০০/-টাকা। ০৫। উপজেলা পরিষদ কার্যালয় বোচাগঞ্জ, দিনাজপুর এর নিরাপত্তা প্রহরী এর ফেব্রুয়ারি/২০২৫ খ্রিঃ মাসের বিল =৮,৩১৬/-টাকা মাত্র। ০৬। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল এর আওতায় ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত হতে উপজেলা পরিষদ চত্বরে ক্লোজ সার্কিট ক্যামেরা সরবরাহ স্থাপন বিল =১,৭৪,৩০৫/- টাকা ০৭। উপজেলা পরিষদ রাজস্ব তহবিব এর আওতায় অফিস সরঞ্জাম ক্রয় (TO&E) খাত হতে উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য ১টি ফটোকপিয়ার মেশিন ও একটি কম্পিউটার সেট সরবরাহ বিল =২,৯৮,০০০/- টাকা। ০৮। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল এর আওতায় "অফিস সরঞ্জাম রক্ষণাবেক্ষণ/মেরামত" খাত হতে উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটার মেরামত/সার্ভিসিং বাবদ বিল=২৫,০০০/- টাকা। ০৯। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল এর আওতায় ২১ ফেব্রুয়ারি/২০২৫ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন বাবদ বিল=২৫,০০০/- টাকা। ১০। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল এর আওতায় ২১ ফেব্রুয়ারি/২০২৫ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন বাবদ বিল=২৫,০০০/- টাকা। ১১। ১৪৩২ বাংলা সনের হাট বাজার ইজারার পত্রিকার বিজ্ঞপ্তির বিল=১০,৭৫২/- টাকা। | বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত খাতসমূহের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সর্বসম্মতিক্রমে ব্যয়উত্তর অনুমোদন দেয়া হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নিবাহী অফিসার বোচাগঞ্জ,দিনাজপুর। |

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৪. | উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর সভায় আরও জানান যে, দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলার পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদী জরাজীর্ণ অবস্থায় রয়েছে। তাই স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভগে এসব কাজের নিম্নবর্ণিত স্কীমের প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, বোচাগঞ্জ উপজেলার পরিষদ কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি এর নিম্নবর্ণিত স্কীমের প্রাক্কলন এর অর্থ বরাদ্দের জন্য মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিষদ বোচাগঞ্জ, দিনাজপুর ও উপজেলা প্রকৌশলী, বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পতা-১)

| ক্রঃ নং | কাজের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ০১. | দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলা পরিষদের অধীন কৃষি কোয়ার্টার (৪) মেরামত কাজ। | ৯,০০,০০০.০০ |
| ০২. | দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলা পরিষদের অধীন বন কর্মকর্তা, মহিলা বিষয়ক কর্মকর্তা এবং জাতীয় মহিলা সংস্থা অফিস মেরামত কাজ। | ৯,২৪,৬৬০.০০ |
| ০৩. | দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলা পরিষদের অধীন বিআরডিবি অফিসের সামনে আরসিসি রাস্তা নির্মাণ। | ১,৭৫,৩৪০.০০ |
| | সর্ব মোট | ২০,০০,০০০.০০ |

| | | | |
|---|---|---|---|
| ০৫. | উপজেলা প্রকৌশলী দপ্তর ঃ<br>সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, এত্র উপজেলা প্রকৌশল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা প্রকৌশল দপ্তরের কার্যক্রম নিম্নে প্রদত্ত হলো ও পদ্ধতি ভিত্তিক অগ্রগতি নিম্নোক্ত ছকে উল্লেখ পূর্বক আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উক্ত উপস্থাপিত প্রকল্পগুলি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, বোচাগঞ্জ, দিনাজপুর। |

চলমান স্কীম সমূহ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | মোট প্রকল্প সংখ্যা | চলমান | সমাপ্ত | অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী-৪ এর আওতায় প্রধান শিক্ষকের কক্ষ নির্মাণ | ০২ | - | ০২ | ৮০% | |
| ২ | প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী-৪ এর আওতায় সীমান প্রাচীর ও গেট নির্মাণ | ০৮ | ০৬ | ২ | ৮০% | |
| ৩ | বৃহত্তর রংপুর বিভাগীয় প্রকল্প (RDRIIP-2) (২০২৩-২০২৪)। | ০৩ | ০৩ | - | ৫০% | |
| ৪ | অগ্রাধিকার ভিত্তিতে পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (IRIDP-3) | ১৩ | ০১ | ১২ | ৯০% | |
| ৫ | EDC প্রকল্পের আওতায় অয় ডি-সেন্টার নির্মাণ | ০১ | ০১ | - | ৫০% | |
| ৬ | SupRB প্রকল্পের আওতায় ৩০মিঃ গার্ডার ব্রিজ নির্মাণ ও বক্স কালভার্ট মেরামত | ০১ | ০১ | - | ৯০% | |
| ৭ | বৃহত্তর দিনাজপুর জেলা প্রকল্প (GDDRIDP) | ০৫ | ০৫ | - | ২০% | |
| ৮ | সার্বজনিন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প (GSDP-2) | ১৩ | ২ | ১১ | ৮০% | |
| ৯ | উপজেলা শহর (নন মিউনিসিপাল) প্রকল্পের আওতায় পাবলিক টয়লেট নির্মাণ | ০৩ | ০১ | - | ৭০% | |

উপরোক্ত প্রকল্পের কার্যক্রম গুলি স্বাভাবিক ভাবে চলমান।

| | | | |
|---|---|---|---|
| ০৬. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে সরকার কর্তৃক ইপিআই টিকা কার্ড সরবরাহ হচ্ছেনা তাই উপজেলা পরিষদের অর্থায়নে ১;০০০টি টিকা কার্ড সরবরাহ করার জন্য সভায় আহ্বান জানান। বিনা মূল্যে পোর্টেবল এক্সরে করা হয়। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০৭. | উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর/২০২৪ খ্রিঃ মাসের সক্ষম দম্পতি=৩৫,৬২৭ জন, গ্রহণকারী=২৯,৪০২ জন, সি.এ.আর ৮২.৫৩% গর্ভবতী সংখ্যা=৮৯২ জন। কাজের অগ্রগতি মোটামুটি সন্তোষজনক। বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে অগ্রাধীকার ভিত্তিতে জনসেবা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর। |

| ক্রমনং | পদ্ধতির নাম | সেবা গ্রহনকারীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১. | স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা) | ২৪ জন | |
| ০২. | আইইউডি | ৫০ জন | |
| ০৩. | ইমপ্লান্ট | ১৩৬ জন | |
| ০৪. | খাবার বড়ি (সুখী/আপন) | ৪৮ জন | |
| ০৫. | কনডম | ১৫০ জন | |
| ০৬. | ইনজেকশন | ৮৯ জন | |
| ০৭. | গর্ভকালীন সেবা | ৩৮৬ জন | |
| ০৮. | ডেলিভারী সেবা | ১৫৩ জন | |
| ০৯. | প্রসবোত্তর সেবা | ১২৭ জন | |
| ১০. | শিশু সেবা (০-৫৯) | ৪৫৭ জন | |
| ১১. | সাধারন রোগী সেবা (পুরুষ+মহিলা) | ২,০৩৫ জন | |
| ১২. | পুষ্টি সেবা (গর্ভবতী ও ০-২৩ মাস বয়সী শিশুর মা এবং ০-৫৯ মাস বয়সী শিশু) | ১,৯১০ জন | |

| | | | |
|---|---|---|---|
| ০৮. | উপজেলা কৃষি দপ্তর ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় রবি ২০২৪-২৫ অর্থ বছরে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় বিভিন্ন ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরিষা ১৮০০ জন, ভুট্টা ১১০০ জন, সূর্যমুখী ২০ জন, পেয়াজ ১০ জন এবং বোরো হাইব্রিড ১৫০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরন করা হয়েছে। রবি ২০২৪-২৫ অর্থ বছরে আলু ২৮০০ হেক্টর, সরিষা ৭৫০ হেক্টর, ভুট্টা ৫৪৮০ হেক্টর, গম ৫৪ হেক্টর, গম ৫৪ হেক্টর, পেয়াজ ১২২ হেক্টর, রসুন ১৪৩ হেক্টর, শাক-সবজি ৪৪০ হেক্টর আবাদ চলমান। আগামীতে খাদ্য ও পুষ্টির চাহিদা নিশ্চিতকরণ ও স্মার্ট কৃষি বিনির্মার্ণের নিমিত্তে বিভিন্ন প্রকল্পের আওতায় ৩১০টি সবজি ও ফল প্রদর্শনীর বিভিন্ন উপকরণ কৃষকের মাঝে বিতরন করা হয়েছে এবং বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। মাঠ ফসলের রোগ দমনে ব্যবস্থা রক্ষায় কৃষকদের উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। বর্তমানে সার, বীজ ও কীটনাশকের পর্যাপ্ত মজুদ রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সরকারী নির্দেশনা মোতাবেক যথাযথ ভাবে ফসল রক্ষার্থে কৃষক ভাইদের করণীয় বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি দপ্তর, বোচাগঞ্জ,দিনাজপুর। |

(চলমান পতা-২)

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৯. | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ঃ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বোচাগঞ্জ সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই। তিনি বলেন যে উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রাণীসম্পদ অফিসের ০২টি পরিত্যাক্ত ভবন অপসারণের নিমিত্ত সরেজমিন পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিলের সিদ্ধান্তের আলোকে উপজেলা প্রকৌশলী, বোচাগঞ্জ জরাজীর্ণ ভবন ২টি সরেজমিন পরিদর্শন পূর্বক ১,৩৬,২৩৯.৪০ টাকার প্রাক্কলন এবং অপসারণ খরচ বাবদ ৯২,৯৮৮.০০ টাকার প্রাক্কলন দাখিল করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলাচনা হয়। আলোচনান্তে দাখিলকৃত প্রাক্কলনটি অনুমোদনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | >সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা চলমান কার্যক্রম শুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বোচাগঞ্জ জরাজীর্ন ভবন ২টি অপসারনের নিমিত্তে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রাক্কলনের আলোকে নতুন পরিপত্র অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১০. | উপজেলা মৎস্য দপ্তরঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় শুকদেবপুর গজাঘাটা মৎস্য অভয়াশ্রম মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হয়। ২০২৪-২৫ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় ২০(বিশ) জন মৎস্য চাষিকে উত্তম মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জাটকা ক্রয় বিক্রয় রোধে বোচাগঞ্জ উপজেলার বিভিন্ন মৎস্য বাজারে অভিযান পরিচালনা ও পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। অত্র উপজেলা হতে যেন সীমান্তে ইলিশ পাচার রোধে তদারকি কার্যক্রম চলমান রয়েছে। এ ছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সার্বিক বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ মৎস্য দপ্তরে সকল সরকারী কার্যক্রম বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১১. | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, (১) ভিডাব্লিউবি কার্যক্রমঃ অত্র উপজেলার ০৬টি ইউনিয়নের ২০২৪-২০২৫ অর্থ বছরের (জানুয়ারি/২০২৩ হতে ডিসেম্বর/২০২৪ পর্যন্ত) ২৪ মাস মেয়াদী ভিডাব্লিউবি কার্ড সংখ্যা ২,২৫৮টি। ০৬টি ইউনিয়ন ব্যবস্থাপক ডাচ বাংলা ব্যাংক এজেন্ট ব্যাংকিং সেতাবগঞ্জ শাখা, বোচাগঞ্জ, দিনাজপুর ১০ (দশ) টাকার হিসাব নং খোলা হয়েছে। বিডাব্লিউবি জুলাই/২০২৪ হইতে ডিসেম্বর/২০২৪ পর্যন্ত বরাদ্দ পাওয়া গেছে। ডিসেম্বর ২০২৪ মাসের ভিডিাব্লিউবি চাল বিতরণ শেষ। ২০২৪-২৬ অর্থ বছরের ভিডাব্লিউবি নির্দেশনা পাওয়া গেছে। ২। মা ও শিশু ভাতা প্রদান কর্মসূচীর আওতায় বহুল প্রচার করে অনলাইনে মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থ বছরের ১নং নাফানগর ইউনিয়ন প্রতি মাসে ০৯জন ০৯×১২=১০৮ জন, ২নং ঈশানিয়া ইউনিয়ন প্রতি মাসে ০৯জন ০৯×১২=১০৮ জন, ৩নং মুশিদহাট ইউনিয়নে প্রতি মাসে ০৯জন ০৯×১২= ১০৮ জন, ৪নং আটগাঁও ইউনিয়নে প্রতি মাসে ০৯জন ০৯×১২=১০৮ জন, ৫নং ছাতইল ইউনিয়নে প্রতি মাসে ০৯জন ০৯×১২=১০৮ জন, ৬নং রনগাঁও ইউনিয়নে প্রতি মাসে ০৯জন ০৯×১২=১০৮ জন, বরাদ্দ পাওয়া গেছে। প্রতিটি ইউনিয়নে জুলাই/২০২৪ হতে ফেব্রুয়ারী/২০২৫ পর্যন্ত অনুমোদন সংক্রান্ত কাজ সম্পূর্ন হয়েছে। অনলাইনের কাজ চলমান রয়েছে। ০৩। ২০২৪-২০২৫ অর্থ বছরে সেতাবগঞ্জ পৌরসভা মা ও শিশু ভাতা কর্মসূচীর আওতায় প্রতিমাসে ১৮জন, ১৮×১২=২১৬ জনের বরাদ্দ পাওয়া গেছে। জুলাই/২০২৪ হতে ফেব্রুয়ারি/২০২৫ পর্যন্ত অনুমোদন সংক্রান্ত কাজ সম্পূর্ন হয়েছে। অনলাইনের কাজ চলমান রয়েছে। ৪। উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৪-২০২৫ অর্থ বছরে জানুয়ারি/২০২৫ হতে মার্চ/২০২৫ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী সেলাই প্রশিক্ষণ (দর্জি বিজ্ঞাণ) বিষয়ে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>৫। মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্দ্ধক প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্পের ০২(দুই) টি ট্রেডে জানুয়ারি/২০২৩ হতে ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত ০২(দুই) মাস মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় প্রতি কোর্সে ২৫ জন করে মোট ৫০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণের জন্য ১৭তম ও ১৮তম ব্যাচের ১। ক্রিস্টাল শো-পিচ ২। ফ্যাশান ডিজাইন কোর্সের কার্যক্রম মোট ৫০ জন প্রশিক্ষণার্থী কার্যক্রম শেষ হয়েছে নতুন করে প্রশিক্ষণার্থী ভর্তির নির্দেশনা পাওয়া যায় নাই। ৬। পৌরসভায় ০১ টি ও ০৬ টি ইউনিয়নে ০৬ টি মোট=৭ টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। ইহা ছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল প্রকার জনস্বার্থে কার্যক্রম এবং সকল প্রকার জনস্বার্থে কার্যক্রম এবং দাপ্তরিক কার্যক্রম বিধি বিধান অনুসরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থ্য গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১২. | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল প্রকার সরকারী কাজ কর্ম এবং জনসাধারণের সেবাসমুহ পালনসহ প্রয়োজনীয় কার্যক্রম নিম্নের ছকে তুলে ধরা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে জনসাধারণের সেবাসমুহ পালনসহ প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বোচাগঞ্জ, দিনাজপুর। |

| ক্রনং | প্রকল্প/কর্মসূচীর নামা | সমিতি/দল | তহবিল প্রাপ্তি | প্রবৃদ্ধি | মোট তহবিল | ক্রমঃঋণ বিতরণ | ক্রমপুঞ্জিত আদায় | মাঠে বকেয়া | আদায় হার | খেলাপী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | আবর্তক কৃষি কর্মসূচী | ৩৪ টি | ৫৮.৪৮ | ৬.৪৮ | ৬৪.৯৬ . | ৪১৪.৩১ | ৩৫৪.১৩ | ৬৬.৮১ | ১০০% | - |

(চলমান পতা-৩)

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৩ | পল্লী প্রগতি কর্মসূচি | [illegible] | | | | | ৭.৬৮ | [illegible] | [illegible]% |
| ৪ | কোভিড-১৯ প্রণোদনা ঋণ কর্মসূচী | - | ৪.১৮ | ০.৩১ | ৪.৪৯ | ৯.০৬ | ৫১.৮০ | ৪৬.৩২ | ৬৭% |
| ৫ | অপ্রধান শস্য প্রকল্প | - | ৬৬.৫ | - | ৬৬.৫ | ১৩৮.১২ | ৯১.৮০ | ৩৩.৩০ | ১০০% |
| | সর্বমোট= | ৩২ | ৬০.০০ | ০.৩২ | ৬৬.০৫ | ১৯৯.৯৭ | ৬৬.৭৭ | ৩৩.৩০ | ১০০% |

| | | | |
|---|---|---|---|
| ১৩. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম নিয়ে বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের ইউনিয়ন হতে প্রকল্পের তালিকা পাওয়া গেছে অনুমোদনের জন্য জেলায় প্রেরন করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরের কার্যক্রম সরকার কর্তৃক নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১৪. | **উপজেলা সমাজসেবা দপ্তরঃ** উপজেলা সমাজসেবা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতাধীন বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষভাতা, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কর্মসূচির ০২৪-২৫ অর্থবছরের ৩য় কিস্তির পেরোল প্রদান করা হয়েছে এবং মৃত উপকারভোগীর পরিবর্তে নতুন উপকারভোগী রেজুলেশনসহ প্রতিস্থাপনের জন্য নামের তালিকা সংশ্লিষ্ট চেয়ারম্যানগকে জমাদানের জন্য অনুরোধ জানান।<br>প্রতিবন্ধী ব্যক্তিদের পরিচয়পত্রের জন্য নির্ধারিত ফরমে আবেদন গ্রহণ চলমান আছে। সেমতে উপজেলা প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা সংক্রান্ত উপজেলা কমিটির জরিপকৃত ফরম যাচাই-বাছাই পুর্বক আবেদনকৃতদের ডাক্তার কর্তৃক সনাক্তকরণের পর পরিচয়পত্র প্রদান চলমান আছে এবং ২০২৪-২০২৫ অর্থবছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত mis.bhata. gov. bd/online Application) লিংকে অনলাইন আবেদন গ্রহণ সংক্রান্ত পত্র পাওয়া যায় উহা পাঠ করে শুনান। এমতাবস্থায় আগামী ২৫ এপ্রিল,২০২৫ তারিখ পর্যন্ত মাঠ পর্যায়ে প্রতিবন্ধী ভাতার আবেদন সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আলোচনা করেন। রোগী কল্যাণ সমিতি, হাসপাতাল সমাজসেবা কার্যক্রম,বোচাগঞ্জ, থাকায় অসহায় রোগীকে ঔষধ প্রদানের জন্য সহায়তা কার্যক্রম আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষভাতা, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কর্মসূচির মৃত উপকারভোগীর পরিবর্তে নতুন উপকারভোগী প্রতিস্থাপনের জন্য নামের তালিকা সংশ্লিষ্ট চেয়ারম্যানগকে আগামী ১৫(পনের)দিনের মধ্যে জমাদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৫. | **উপজেলা বন দপ্তর ঃ** উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত পুকুর পাড়ের চতুপার্শ্বে ওয়াক ওয়ে নির্মান এবং উপজেলা পরিষদ চত্বরের সৌন্দর্য বর্ধনের জন্য বিভিন্ন প্রজাতির ২৩টি গাছ কর্তন করা একান্ত জরুরী হয়ে পরেছে। তাই উপজেলা বন কর্মকর্তাকে গাছ কর্তন বিষয়ে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। এবং জনস্বাস্থ্য অফিসের প্রাচীর নির্মানের জন্য ৪টি গাছ কর্তন করা প্রয়োজন। এলক্ষে গাছ কর্তনের পত্র জেলা বন ও পরিবেশ উন্নয়ন কমিটির সভায় অনুমোদনের জন্য বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, দিনাজপুর বরাবর পত্র প্রেরণের নিমিত্ত আলোচনা করা হয়। সর্ব মোট ২৭টি গাছ। কর্তকৃত গাছের তালিকা ১। আম গছ- ৩টি। ২। মেহগনি গাছ- ১৯টি। ৩। ইউক্যালিপটাস গাছ-১টি। ৪। কাঠাল গাছ-২টি। শিমুল গাছ-১টি। ৫। আতা গাছ-১টি। ইহা ছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত পুকুর পাড়ের চতুপার্শ্বে ওয়াক ওয়ে নির্মান এবং উপজেলা পরিষদ চত্বরের সৌন্দর্য বর্ধনের জন্য বিভিন্ন প্রজাতির কিছু সংখ্যক গাছ কর্তন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা বন কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৬. | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তরঃ** উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, ১। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে ৬টি ইউনিয়নে মোট ৭২ টি ৬নং পাম্পযুক্ত অগভীর তারা নলকুপের বরাদ্দ পাওয়া গেছে।<br>২। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলায় ঈশানিয়া ইউনিয়নের ঈশানিয়া গ্রামের মালীপাড়া মহল্লায় Pipe Water scheme With 02 nos Test Tubewell, 02 nos production well, 01 nos pump house,01nos R.C.C Over Head Water Tank, Mechanical Works, Electrical Works, Pipe Line/Water Distribution Network etc নির্মাণ কাজ চলমান। ৩। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় প্রাথমিক বিদ্যালয়ে ৩০টি ওয়াশ ব্লক এর কাজ চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, আর্সেনিক মুক্ত টিউবয়েল স্থাপনসহ জনবান্ধব সকল কাজের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানান। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশ দপ্তর, বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১৭. | **উপজেলা সমবায় দপ্তরঃ** ১। সমবায় সমিতি সংক্রান্তঃ অত্র উপজেলায় অক্টোবর/২০২৪ খ্রিঃ পর্যন্ত মোট নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৫৭টি। সমিতিগুলো সরকারি উন্নয়নমূলক কার্যক্রম এবং দারিদ্র বিমোচন ও আত্মকর্মসংস্থানের জন্য কাজ করে যাচ্ছে। ইতিমধ্যে সমিতিগুলো নিজেস্ব অর্থায়নে ৭৫ জন বেকার যুবক/যুবতি কর্মী কোন প্রকার ঋণ/অনদান ছাড়া ক্ষুদ্রঋণ সঞ্চয়ের মাধ্যমে গঠিত তহবিল দ্বারা হিসাবে নিয়োগ দিয়েছে এবং ২৫৫ জন সমবায়ী আত্মকর্মসংস্থান হয়েছে। আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণ করা হয়েছে ২৫,৫৭,০০০/-টাকা। আদায় করা হয়েছে ১০,২১,০৩৯/-টাক। ঋণ আদায় কার্যক্রম চলমান এবং সরকারী রাজস্ব আদায় করা হয়েছে ৩২,৫১০/-টাকা। সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হয়েছে ২,৬১,৩১২/-টাকা। ইহাছারা অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় সমবায় দপ্তর হতে সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পতা-৪)

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৮. | উপজেলা শিক্ষা দপ্তরঃ সভায় উপজেলা শিক্ষা অফিসার বোচাগঞ্জ জানান যে, প্রাথমিক স্কুলের শিশুর সংখ্যা কমে আসছে। শনিবার প্রাইভেট স্কুল বন্ধ রাখার সঃপ্রাঃবিঃ ১৩২টি রয়েছে তাই সকল কর্মকর্তাগণকে পরিদর্শন করার জন্য অনুরোধ জানান। এবং সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগণকে পরিদর্শন করার জন্য অনুরোধ জানান। সভায় তিন আরও জানান যে, নিয়মিত বিদ্যালয়ে গমন করেন তাহলে আমাদের শিক্ষকরা শিশুদের পাঠদানে অনেক বেশি মনোযোগী হবেন এবং শিশুরা আপনাদের লেখাপড়ার প্রতি আরো মনোযোগী ও উৎসাহী হবেন বলে মনে করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সঠিকভাবে স্কুল পরিচালনাসহ সকলক কাযক্রম বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৯. | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরের পাঠ্যপুস্তক বিতরন প্রায় শেষ পর্যায় উল্লেখ থাকে যে মাধ্যমিক পর্যায়ের ৯ম শ্রেণীর ৬টি বিষয় এবং দাখিল পর্যায়ে ১০ম শ্রেণীর ৬টি বিষয়ের বই এখন পর্যন্ত পাওয়া যায়নি। উক্ত বইসমুহ উপজেলায় পৌছানো মাত্রই শিক্ষা প্রতিষ্ঠানসমুহে বিতরন করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় মাধ্যমিক শিক্ষা দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ। |
| ২০. | উপজেলা যুব উন্নয়ন দপ্তরঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঘ.১. চলতি মাসে ঋণ বিতরণ হয়নি। শুধুমাত্র ঋণ আদায় ছক মোতাবেক দেখানো হল। | সভায় বিস্তারিত আলোচনান্তে, দপ্তরের সকল সরকারী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |

| ক্রমিক নং | বিবরণ | চলতি মাসের কার্যক্রম | ক্রমপুঞ্জিত |
|---|---|---|---|
| ১.১ | মোট বরাদ্দ | ------- | ৩৩৩৮৮০০/- |
| ১.২ | মোট বিতরণ | ------- | ৩৩৩৫৭৬০০/- |
| ১.৩ | আদায় যোগ্য | ২১৭৬০৯/- | ৩০৩২৩৫৪২/- |
| ১.৪ | আদায়কৃত | ২১৭৬০৯/- | ২৮৮৩২১০৩/- |
| ১.৫ | আদায়ের হার | ১০০% | ৯৫% |
| ১.৬ | ঋণীর সংখ্যা | ------- | ১৪২ জন |
| ১.৭ | ঋণ খেলাপী | ------- | ১৪৮৭২৬৯/- |
| ১.৮ | প্রশিক্ষণ | ------- | ১০৬৫৯ জন |
| ১.৯ | আত্নকর্ম | ------- | ১২৬৭৫ জন |
| ১.১০ | সংগঠন রেজিষ্টেশন | ------- | ৩৪টি |
| ১.১১ | জাতীয় যুব পুরুষ্কার | ------- | ০২ জন |
| ১.১২ | একক পুরুষ্কার | ------- | ০৭ টি |

গ. কর্মসুচিঃ ২. পরিবার

| ক্রমিক নং | বিবরণ | চলতি মাসের কার্যক্রম | ক্রমপুঞ্জিত |
|---|---|---|---|
| ২.১ | মোট বরাদ্দ | ------- | ১১৩০৪০০০/- |
| ২.২ | মোট বরাদ্দ | ------- | ১০৫৩৮৪০০০/- |
| ২.৩ | আদায় যোগ্য | ১০৩৮০০/- | ১০২১৮২২১৪/- |
| ২.৪ | আদায়কৃত | ১০৩৮০০/- | ৯২৫৩৫৫৭২/- |
| ২.৫ | আদায়ের হার | ১০০% | ৯০.৪৬% |
| ২.৬ | ঋণীর সংখ্যা | ------- | ১৬৯৬৮ জন |
| ২.৭ | ঋণ খেলাপী | ------- | ৯৬৪৬৬৪২/- |

| | | | |
|---|---|---|---|
| ২১. | উপজেলা আনসার ভিডিপিঃ উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে! তিনি আরও বলেন যে আনসার সদস্যগণ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ডিউটি করছেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২২. | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, বরেন্দ্র বহুমুখি উন্নয়ন কর্তৃপক্ষের আওতায় অত্র উপজেলায় মোট ১৬১টি সেচ যন্ত্র চালু রয়েছে- প্রায় ৪৫০০ হেক্টর জমি সেচের আওতায় রয়েছে। আসন্ন রবি মৌসুমে সেচ যন্ত্রগুলি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিরবিচ্ছন্ন ভাবে বিদ্যুৎ থাকা প্রয়োজন। উক্ত বিষয়ে পিবিএস ও নেসকো প্রতিনিধি কে সভায় দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান।<br>(২) কিছু বিদ্যুতায়িত ব্যক্তিগত সেচ যন্ত্র বরেন্দ্র সেচ এলাকার মধ্যে স্থাপন করে এতে করে মাঠে সেচ ব্যবস্থাপনা সমস্যা সৃষ্টি হচ্ছে উক্ত বিষয়ে উপজেলা সেচ কমিটির দৃষ্টি আকর্ষন করেন। বর্তমানে অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৩. | উপজেলা পরিসংখ্যান দপ্তর ঃ সভায় জানান যে, ১০ বছর পর পর আমরা শুমারী করি। এবার অর্থনীতি সুমারী শুরু হবে নভেম্বর মাসে। জিডিপির ৩টি খাত রয়েছে। খাতগুলোতে কতগুলো জনবল রয়েছে তা গননা করা। এছাড়া অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ এবং অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পতা-৫)

| | | | |
|---|---|---|---|
| | স্বাভাবিকভাবে চলছে। | অত্র উপজেলায় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ও ইউ... বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৫. | <u>উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয়ঃ</u> উপজেলা আইসিটি অফিসার সভায় জানান যে, সেবা সহজীকরনে উপজেলার সকল দপ্তর প্রধানগণ যদি নিজনিজ দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ রাখে তাহলে অত্র উপজেলার সকল মানুষ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি জরুরী সেবা পাবেন। তাই সকল দপ্তর প্রধানগণকে ওয়েবপোর্টাল হালনাগাদ রাখার জন্য সভায় অনুরোধ জানান।<br>সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে আরও অধিক সতর্কতা অবলম্বন করতে হবে। সকল কিছু শিয়ার করা হতে বিরত থাকার আহ্বান জানান। সত্য-মিথ্যা যাথাই না করে শিয়ার না করার অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সকল দপ্তর প্রধানগন কে ওয়েব পোর্টাল হালনাগদ করতে হবে এবং সকলকে সর্তকতা অবলম্বন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার, বোচাগঞ্জ দিনাজপুর। |
| ২৬. | <u>আবাসিক প্রকৌশলীঃ</u> আবাসিক প্রেকৌশলী নেসকো লিঃ সভায় জানান যে, বোরো মৌসুমে নিরবিচ্ছন্ন বিদ্যুৎ সরবাহ থাকবে। কৃষকরা যেন সঠিক ভাবে জমি চাষ সহ সেচ প্রদান করতে পারে সে বিষয়ে নেসকো লিঃ সজাগ থাকবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, বোরো মৌসুমে নিরবিচ্ছন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | আবাসিক প্রকৌশলীঃ বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৭. | <u>পল্লী বিদ্যুৎ সমিতি-১ ঃ</u> পল্লী বিদ্যুৎ সমিতি বোচাগঞ্জ সাব জোনাল-১ সভায় জানান যে, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতায় ১৬/০৩/২৫ইং তারিখ ১টি ১০এমডিএ সাব-ষ্টেশন স্থাপন করা হয়েছে। সাবষ্টেশন সরকারী KP1 এর আওতায় হওয়ায় তাছাড়া মালামাল চুরি যাতে না হয়ে সে ব্যাপারে রাত্রী কালিন সময় পুলিশের টহল টীম মাঝে মধ্যে যাওয়ার জন্য অনুরোধ করেন। স্থান- বকুলতলা রোড। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সাবষ্টেশন সরকারী KP1 এর আওতা হওয়ায় মালামাল চুরি যাতে না হয়ে সে ব্যাপারে রাত্রী কালিন সময় সময় পুলিশের টহল টীমের সহযোগীতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | পল্লী বিদ্যুৎ সমিতি-১ বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৮. | <u>চেয়ারম্যান ১নং ইউনিয়ন পরিষদ ঃ</u> চেয়ারম্যান ১নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র উপজেলার ৬টি ইউনিয়ন পরিষদ ও ১টি পৌরসভায় অসহায় ও দুঃস্থ পরিবারের মাঝে ভিজিএফ চাউল বিতরণ করা হবে। ভিজিএফ চাউল যেন সঠিকভাবে গরীব,অসহায় ও দুঃস্থ পরিবারের মাঝে বন্টন হয় সে বিষয়ে সকলের সহযোগীতা কামনা করেন।<br><u>চেয়ারম্যান ২নং ইউনিয়ন পরিষদ ঃ</u> চেয়ারম্যান ২নং ইউনিয়ন পরিষদ সভায় জানানযে, অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই। পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে অসহায় ও দুস্থ পরিবারের মাঝে ভিজিএফ চাউল সুষ্ঠ ও সঠিক ভাবে বিতরণ করা হবে এছাড়া দাপ্তরিক সকল প্রকার কাজ চলমান রয়েছে।<br><u>চেয়ারম্যান ৩নং ইউনিয়ন পরিষদ ঃ</u> চেয়ারম্যান ৩নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আমার ইউনিয়নে তেমন কোন সমস্যা নাই। তিনি বলেন যে, পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে অসহায় ও দুস্থ পরিবারের মাঝে ভিজিএফ চাউল সুষ্ঠ ও সঠিক ভাবে বিতরণ করা হবে এছাড়া দাপ্তরিক সকল প্রকার কাজ চলমান রয়েছে।<br><u>চেয়ারম্যান ৫নং ইউনিয়ন পরিষদ ঃ</u> চেয়ারম্যান ৫নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই। পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে অসহায় ও দুস্থ পরিবারের মাঝে ভিজিএফ চাউল সুষ্ঠ ও সঠিক ভাবে বিতরণ করা হবে এছাড়া দাপ্তরিক সকল প্রকার কাজ চলমান রয়েছে।<br><u>চেয়ারম্যান ৬নং ইউনিয়ন পরিষদ ঃ</u> চেয়ারম্যান ৬নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই। পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে অসহায় ও দুস্থ পরিবারের মাঝে ভিজিএফ চাউল সুষ্ঠ ও সঠিক ভাবে বিতরণ করা হবে এছাড়া দাপ্তরিক সকল প্রকার কাজ চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপলেলার ৬টি ইউনিয়ন পরিষদের জনসাধারনের সকল প্রকার সামাজিক কার্যক্রম সঠিকাভাবে পরিচালনার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগণ, উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৯. বিবিধ (ক) | উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "জাতীয় দিবস উদযাপন" খাত হতে ১,০০,০০০/-টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে ২(দুই)টি বিল ভাউচারের মাধ্যমে (২৫০০০+২৫০০০)=৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সর্ব মোট=৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পতা-৬)

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৯. বিবিধ (খ) | সভায় উপজেলা প্রকৌশলী বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩নং ক্রমিকের (ক)নং অনুচ্ছেদে "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ" খাতে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সিদ্ধান্তক্রমে এক অর্থ বছরে সর্বোচ্চ ১০,০০,০০০/-(দশ) লক্ষ টাকা ব্যয়ের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/ সংরক্ষণ/ রংকরণ" খাত হতে উপজেলা পরিষদ চত্তরে "কোটেশনের" মাধ্যমে পুরাতন উপজেলা পরিষদ ভবনটি পুন মেরামত/সংস্কার এবং রং করণ বাবদ =৪,৪৬,৫৯৩/- (চার লক্ষ ছেচল্লিশ হাজার পাঁচশত তিরানব্বই) টাকা ব্যয়ে জনস্বার্থে জরুরীভাবে মেরামত/সংস্কার ও রং করণ করার প্রস্তাব রাখেন। উক্ত প্রস্তাবটি সকল সদস্যগণ বাস্তবায়নের জন্য একমত পোষণ করেন। | সাভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ চত্তরে "কোটেশনের" মাধ্যমে "পুরাতন উপজেলা পরিষদ ভবনটি পুনঃ মেরামত/সংষ্কার ও রং করণ" বাবদ =৪,৪৬,৫৯৩/-(চার লক্ষ ছেচল্লিশ হাজার পাঁচশত তিরানব্বই) টাকা ব্যয়ের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো | উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৯. বিবিধ (গ) | সভায় উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, গত-১৩/০৩/২০২৫ খ্রিঃ তারিখে উপজেলা পরিষদের নিরাপত্তা কর্মি (আনসার) জনাব মোঃ শাহিন বাদশা পবিত্র ঈদউল ফিতরের উৎসব ভাতার জন্য আবেদন করেছেন। আবেদনপত্রটি অত্র সভায় উপস্থাপন করেন। সভায় সকল সদস্যগণ আবেদনপত্রটি পর্যালোচনা করে দেখে বলেন যে মানবিকদিক বিবেচনা করে তাকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "নিরাপত্তা খাত (আনসার)" হতে উৎসব ভাতা প্রদান করার জন্য আহবান করেন। তাই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উৎসব ভাতা দেওয়ার জন্য সভায় প্রস্তাব রাখেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ বোচাগঞ্জ, দিনাজপুর এর নিরাপত্তা কর্মি (আনসার) এর এক মাসের বেতন ভাতা সমপরিমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উৎসব ভাতা প্রদান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৯. বিবিধ (ঘ) | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, পজেলা পরিষদ বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩নং ক্রমিকের (ণ)নং অনুচ্ছেদে "যানবাহন মেরামত" খাতে এক অর্থ বছরে সর্বচ্চ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয়ের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক জনাব মোঃ হুমায়ুন কবির, জীপ চালক, উপজেলা পরিষদ কার্যালয় এর আবেদনের প্রেক্ষিতে ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "যানবাহন মেরামত" খাত হতে বিল ভাউচারের মাধ্যমে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয়ে পাজেরো জীপ গাড়ী নং দিনাজপুর-ঘ- ১১-০০৫৫ এর জনস্বার্থে মেরামত ও সার্ভিসিং এর জন্য গত-১৩/০৩/২০২৫ খ্রিঃ তারিখে আবেদনপত্র দাখিল করেছেন। আবেদনপত্রটি সভায় পর্যালোচনা করে দেখা যায় যে জনস্বার্থে জরুরীভাবে পাজেরো জীপগাড়ীটি মেরামত ও সার্ভিসিং সম্পাদনের নিমিত্ত সকল সদস্যগণ প্রস্তাব রাখেন। | সাভায় বিস্তারিত আলোচনান্তে, পাজেরো জীপ গাড়ী নং দিনাজপুর-ঘ-১১-০০৫৫ এর মেরামত ও সার্ভিসিং বাবদ ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকা ব্যয়ের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৯. বিবিধ (ঙ) | সভায় উপজেলা প্রকৌশলী বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩নং ক্রমিকের (ব)নং অনুচ্ছেদে "প্রকাশনা" খাতে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সিদ্ধান্তক্রমে এক অর্থ বছরে সর্বোচ্চ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয়ের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় "উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বার্ষিক বাজেট" বই প্রনয়ন করা হয়েছে। উক্ত বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বার্ষিক বাজেট বই প্রিন্টিং করার জন্য ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার প্রকল্প (RFQ) কোটেশনের মাধ্যমে প্রয়োজনিয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। | সাভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল এর আওতায় বর্ণিত খাত হতে ২০২৪-২০২৫ অর্থ বৎসরে অত্র উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বার্ষিক বাজেট বই ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার প্রকল্প (RFQ) কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের প্রয়োজনিয় ব্যবস্থ গহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |

পরিষদের সভাপতি জানান যে, সকল কর্মকর্তাগণকে একনিষ্ঠভাবে তাদের উপর অর্পিত দায়িত্ব প্রতিপালন করার আহবান জানান এবং শুভেচ্ছা জ্ঞাপন করে সভা সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৩/২০২৫

(মোঃ মারুফ হাসান)
উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
☎-০৫৮৮৮৭৮৫৫৫

CamScanner

উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০১.১৫-২০১৮-৪৩৫ (৪০) তারিখ ঃ ১৭/০৩/২০২৫ খ্রিঃ।

ক্রঃনং অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে-(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৫। প্রশাসক, সেতাবগঞ্জ পৌরসভা, বোচাগঞ্জ, দিনাজপুর।
৬। উপজেলা....................................................................................কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর।
৭। অফিসার ইনচার্জ, বোচাগঞ্জ থানা,দিনাজপুর।
৮। চেয়ারম্যান.......................................ইউনিয়ন পরিষদ(সকল), বোচাগঞ্জ, দিনাজপুর।
৯। সভাপতি/সম্পাদক, বোচাগঞ্জ প্রেসক্লাব।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুরকে (উপজেলা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অফিস

১৭/৩/২০২৫

(মোঃ মারুফ হাসান)
উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
☏-০৫৮৮৭৮৫৫৫

CamScanner